গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-৩৯/২০১৯-২০২০
ঢাকা, ২১ আগস্ট বুধবার ২০১৯, ৬ ভাদ্র ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। বিশ্ববিদ্যালয়ে শিক্ষার মান নিশ্চিত করতে হবে : রাষ্ট্রপতি
২। একনেকে ১২টি প্রকল্প অনুমোদন
মাছ ও শাকসবজি রফতানির জন্য দু'টি কার্গো উড়োজাহাজ কেনার ইচ্ছা প্রধানমন্ত্রীর
৩। প্রধানমন্ত্রীর সঙ্গে ভারতের পররাষ্ট্রমন্ত্রীর সৌজন্য সাক্ষাৎ : ভারত সফরের আমন্ত্রণ নরেন্দ্র মোদির
৪। বাংলাদেশ ও ভারত পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ের বৈঠক :
৫৪ নদীর পানি বণ্টনের ফর্মূলা নিয়ে কাজ করছে দুই দেশ
রোহিঙ্গাদের দ্রুত ও টেকসই প্রত্যাবাসন জরুরি : ভারতের পররাষ্ট্রমন্ত্রী
৫। বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে ভারতের পররাষ্ট্রমন্ত্রীর শ্রদ্ধা নিবেদন
৬। ডেঙ্গু নিয়ন্ত্রণে আন্তর্জাতিক বিশেষজ্ঞ দল ঢাকায় আসছে আজ
৭। নতুন ওষুধে মশক নিধনে ভালো ফল পাওয়া যাচ্ছে : পরিচ্ছন্নতা অভিযানে ডিএসসিসি মেয়র
৮। এডিস মশার ব্যাপারে অসচেতনরা না শুধরালে ব্যবস্থা : চিরুনি অভিযানে ডিএনসিসি মেয়র
৯। ২১ আগস্ট গ্রেনেড হামলার ১৫ বছর আজ
১০। বঙ্গবন্ধু বাঙালিকে স্বাধীনতা উপহার দিয়েছেন : স্পিকার
১১। কৃষিবিপ্লবের জন্য মাঠে নামতে হবে : কৃষিমন্ত্রী
১২। দক্ষিণ কোরিয়ার বিনিয়োগ চাইলেন অর্থমন্ত্রী
১৩। এডিপি বাস্তবায়ন বেড়েছে তিনগুণ : পরিকল্পনামন্ত্রী
১৪। জুলাইয়ে মূল্যস্ফীতি বেড়ে দাঁড়িয়েছে ৫ দশমিক ৬২ শতাংশ : পরিকল্পনামন্ত্রী
১৫। প্রতিবন্ধীদের মূলস্রোতে আনতে শিক্ষার বিকল্প নেই : সমাজকল্যাণমন্ত্রী
১৬। প্রবাসীকর্মীদের কল্যাণে সর্বোচ্চ গুরুত্ব দিতে হবে : প্রবাসী কল্যাণমন্ত্রী
১৭। চলতি ২০১৯-২০ অর্থবছরের জুলাইয়ে রপ্তানি বেড়েছে সাড়ে ৮ শতাংশ

চলমান পাতা-২

১। **বিশ্ববিদ্যালয়ে শিক্ষার মান নিশ্চিত করতে হবে : রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বিশ্ববিদ্যালয়ে শিক্ষার মান নিশ্চিত করতে ও ক্যাম্পাসে শিক্ষার অনুকূল পরিবেশ বজায় রাখা, এক্সট্রা কারিকুলাম ও গবেষণা চালাতে আরও কাজ করার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানিয়েছেন। রাষ্ট্রপতি গতকাল (২০ আগস্ট মঙ্গলবার) বঙ্গভবনে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. ইমরান কবির চৌধুরী এবং ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান স্যার ফজলে হাসান আবেদের পৃথক সাক্ষাৎকালে এসব কথা বলেন। রাষ্ট্রপতি শিক্ষার্থীদের শুধু লেখাপড়ার মধ্যেই সীমাবদ্ধ না রেখে এক্সট্রা কারিকুলাম ও গবেষণা কাজে মনোনিবেশ করতে এবং শিক্ষার্থীরা যাতে আন্তর্জাতিক মানের শিক্ষা গ্রহণ করতে পারে, সেই মান নিশ্চিত করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানান। সূত্র-**সমকাল** (পৃ.১৫,ক.৫), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫)।

২। **একনেকে ১২টি প্রকল্প অনুমোদন**

মাছ ও শাকসবজি রফতানির জন্য দুটি কার্গো উড়োজাহাজ কেনার ইচ্ছা প্রধানমন্ত্রীর

মাছ ও শাকসবজি রফতানির জন্য বাংলাদেশ বিমানের জন্য দুটো কার্গো উড়োজাহাজ কেনার ইচ্ছা ব্যক্ত করেছেন প্রধানমন্ত্রী। এছাড়া বন্যা, স্রোত ও অতিবৃষ্টি থেকে সড়ক-মহাসড়কের ভাঙন ঠেকাতে বেশি বেশি সেতু ও কালভার্ট নির্মাণের নির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা যাতে পানি সড়কের ওপরে ওঠার পরিবর্তে নিরাপদে বেরিয়ে যেতে পারে। একই সঙ্গে যেসব জায়গায় পানির অবাধ প্রবাহ নিশ্চিত করা দরকার, সেখানে এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ এবং রাস্তার দু'পাশে বৃক্ষরোপণের জন্য প্রকল্পে বরাদ্দ রাখার নির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রী। গতকাল (২০ আগস্ট মঙ্গলবার) জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) বৈঠকে প্রধানমন্ত্রী নতুন সড়ক নির্মাণ বিষয়ে এসব অনুশাসন দেন। রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলনকক্ষে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন একনেক চেয়ারপারসন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। একনেকে তিন হাজার ৪৭০ কোটি টাকা ব্যয়ের নতুন ও সংশোধিত মিলিয়ে **১২**টি প্রকল্প অনুমোদন পেয়েছে। এর মধ্যে সরকার অর্থায়ন করবে তিন হাজার **১৬৩** কোটি টাকা, আর ৩০৭ কোটি টাকা আসবে প্রকল্প সাহায্য হিসেবে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৩), **ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১), **অবজারভার** (পৃ.১৩,ক.৫)।

৩। **প্রধানমন্ত্রীর সঙ্গে ভারতের পররাষ্ট্রমন্ত্রীর সৌজন্য সাক্ষাৎ : ভারত সফরের আমন্ত্রণ নরেন্দ্র মোদির**

প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ভারত সফরের আনুষ্ঠানিক আমন্ত্রণ জানিয়েছেন দেশটির প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। ঢাকায় সফররত ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শংকর গতকাল (২০ আগস্ট মঙ্গলবার) গণভবনে সৌজন্য সাক্ষাৎ করতে এসে প্রধানমন্ত্রীর কাছে নরেন্দ্র মোদির আমন্ত্রণপত্র হস্তান্তর করেন। প্রধানমন্ত্রী আমন্ত্রণ গ্রহণ করে নরেন্দ্র মোদিকে ধন্যবাদ জানান এবং তাঁর শুভেচ্ছাও ভারতের প্রধানমন্ত্রীকে পৌঁছে দেওয়ার জন্য বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (পৃ.১৬,ক.১)।

৪। **বাংলাদেশ ও ভারত পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ের বৈঠক :**

৫৪ নদীর পানি বণ্টনের ফর্মুলা নিয়ে কাজ করছে দুই দেশ

রোহিঙ্গাদের দ্রুত ও টেকসই প্রত্যাবাসন জরুরি : ভারতের পররাষ্ট্রমন্ত্রী

ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্কর বলেছেন, বাংলাদেশ ও ভারতের মধ্যেকার অংশীদারিত্বমূলক সম্পর্ক দক্ষিণ এশিয়া তো বটেই সারাবিশ্বের জন্য সত্যিকারের রোল মডেল। দুই প্রতিবেশী দেশ একসঙ্গে কাজ করলে অংশীদারিত্ব কোন পর্যায়ে পৌঁছে বাংলাদেশ ও ভারত তার উদাহরণ। গতকাল (২০ আগস্ট মঙ্গলবার) রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেনের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের সঙ্গে তিনি এ কথা বলেন। এ সময় তিনি তিস্তাসহ অভিন্ন নদীর পানি বণ্টন, নিরাপত্তা, রোহিঙ্গা প্রত্যাবাসন ও সংকটের সমাধান, আসামের নাগরিকপঞ্জি, বাণিজ্য ও বিনিয়োগ এবং জ্বালানি সহযোগিতাসহ দুই দেশের দ্বিপাক্ষিক বিভিন্ন ইস্যুতে কথা বলেন। সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে ভারতের পররাষ্ট্রমন্ত্রী বলেন, তিস্তাসহ ৫৪টি অভিন্ন নদীর সমস্যা সমাধানে ভারত বদ্ধপরিকর। এ ব্যাপারে ভারতের অবস্থানে কোনো পরিবর্তন হয়নি। অভিন্ন নদীর পানি বণ্টনের ক্ষেত্রে দুই পক্ষই লাভবান হয়, এমন একটি ফর্মুলা বের করার জন্য সম্মত হয়েছে দুই দেশ। বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী দ্বিপাক্ষিক এ আলোচনাকে উষ্ণ ও ফলপ্রসূ উল্লেখ করে সন্তোষ প্রকাশ করেন। সূত্র **: ইত্তেফাক (পৃ.১,ক.৮), বাংলাদেশ টুডে (পৃ.১১,ক.৬), অবজারভার** (পৃ.১,ক.২)।

৫। বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে ভারতের পররাষ্ট্রমন্ত্রীর শ্রদ্ধা নিবেদন

ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে গতকাল (২০ আগস্ট মঙ্গলবার) পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন ভারতের পররাষ্ট্রমন্ত্রী জয়শঙ্কর। সেখানে পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো. শাহরিয়ার আলম তাঁকে স্বাগত জানান। সূত্র **: ইত্তেফাক** (পৃ.১৯,ক.৭)।

৬। ডেঙ্গু নিয়ন্ত্রণে আন্তর্জাতিক বিশেষজ্ঞ দল ঢাকায় আসছে আজ

বাংলাদেশে এডিস মশা নিয়ন্ত্রণ কার্যক্রমে সহায়তা করতে আন্তর্জাতিক পরমাণু সংস্থা (আইএইএ), জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (এফএও) ও বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডাব্লিউএইচও) সমন্বয়ে যৌথ বিশেষজ্ঞ প্রতিনিধিদল ঢাকায় আসছে আজ। আগামী ২১-২৩ আগস্ট বাংলাদেশ সফর করবেন তাঁরা। গতকাল (২০ আগস্ট মঙ্গলবার) পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। সূত্র **: সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **বণিক বার্তা** (শেষ পৃ.,ক.১), **ডেইল সান** (পৃ.৩,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.৪)।

৭। নতুন ওষুধে মশক নিধনে ভালো ফল পাওয়া যাচ্ছে : পরিচ্ছন্নতা অভিযানে ডিএসসিসি মেয়র

নতুন ওষুধে মশক নিধনে ভালো ফল পাওয়া যাচ্ছে বলে মনে করছেন ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) মেয়র মোহাম্মদ সাঈদ খোকন। তিনি বলেছেন, পুরনো ওষুধ বাদ দিয়ে নতুন ওষুধ আনা হয়েছে। সেগুলো পরীক্ষা-নিরীক্ষার পর মান সন্তোষজনক বলে জানিয়েছেন বিশেষজ্ঞরা। বিশ্ব মশা দিবস উপলক্ষে গতকাল (২০ আগস্ট মঙ্গলবার) ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল প্রাঙ্গণে আয়োজিত বিশেষ পরিচ্ছন্নতা ও এডিস মশার লার্ভা ধ্বংস অভিযান কর্মসূচিতে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৭,ক.২), **সংবাদ** (শেষ পৃ,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৬), **ডেইলি সান** (পৃ.৩,ক.৫)।

৮। এডিস মশার ব্যাপারে অসচেতনরা না শুধরালে ব্যবস্থা : চিরুনি অভিযানে ডিএনসিসি মেয়র

এডিস মশার ব্যাপারে অসচেতন নাগরিকদের শুধরে নেওয়ার অনুরোধ জানিয়েছেন ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) মেয়র মো. আতিকুল ইসলাম। তিনি বলেছেন, যদি শুধরে না নেন, তাহলে আমরা আইনগত ব্যবস্থা গ্রহণ করব। গতকাল (২০ আগস্ট মঙ্গলবার) গুলশানের শহীদ ডা. ফজলে রাব্বী পার্কে এডিস মশা নির্মূলের লক্ষ্যে ওয়ার্ডভিত্তিক এডিস মশার প্রজননস্থল ধ্বংসকরণ ও বিশেষ পরিচ্ছন্নতা অভিযান' শীর্ষক চিরুনি অভিযান উদ্বোধনকালে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৭,ক.৩), **সংবাদ** (শেষ পৃ,ক.৭), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

৯। ২১ আগস্ট গ্রেনেড হামলার ১৫ বছর আজ

আজ ২১ আগস্ট স্মরণকালের ভয়াবহ গ্রেনেড হামলার পঞ্চদশ বার্ষিকী। ২০০৪ সালের আজকের দিনে রাজধানীর বঙ্গবন্ধু এভিনিউয়ে আওয়ামী লীগের সন্ত্রাসবিরোধী সমাবেশে তৎকালীন বিরোধীদলীয় নেতা ও প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে হত্যার উদ্দেশ্যে নৃশংস গ্রেনেড হামলায় ২৪ জন নিহত হন। আহত হন প্রায় তিনশ'। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। বাণীতে তাঁরা ২১ আগস্টের শহীদদের আত্মার মাগফিরাত কামনা করেন ও আহতদের প্রতি গভীর সমবেদনা জানান। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

১০। বঙ্গবন্ধু বাঙালিকে স্বাধীনতা উপহার দিয়েছেন : স্পিকার

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, জনগণের মুক্তি ও অধিকার আদায়ের প্রশ্নে আপসহীন থেকে আমৃত্যু সংগ্রাম করেছেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। অসীম সাহসিকতার সঙ্গে নেতৃত্ব দিয়ে বাঙালি জাতিকে উপহার দিয়েছেন স্বাধীনতা। গতকাল (২০ আগস্ট মঙ্গলবার) সুপ্রিমকোর্ট আইনজীবী সমিতি মিলনায়তনে জাতীয় শোক দিবসের আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৭,ক.১), **সংবাদ** (পৃ.৪,ক.৫)।

১১। **কৃষিবিপ্লবের জন্য মাঠে নামতে হবে : কৃষিমন্ত্রী**

কৃষিমন্ত্রী ড. মো. আব্দুর রাজ্জাক বলেছেন, কৃষিবিপ্লবের জন্য প্যান্ট-শার্ট-কোট খুলে মাঠে নামতে হবে। আমাদের মূল দায়িত্ব বঙ্গবন্ধুর আদর্শকে ধারণ করে কৃষি ও কৃষকের উন্নয়নের জন্য একাগ্রতা, নিষ্ঠা ও সততার সঙ্গে কাজ করা। তাই সবারই দায়িত্ব হবে কৃষিকে বাণিজ্যিকীকরণ ও যান্ত্রিকীকরণ করা। কৃষিকে বাণিজ্যিকীকরণ করা গেলে আমার গ্রাম আমার শহর বাস্তবায়ন সহজ হয়ে যাবে। তিনি বলেন, কৃষির আধুনিকায়ন ও যান্ত্রিকীকরণ করা সরকারের চ্যালেঞ্জ। যান্ত্রিকীকরণ আংশিক করা হয়েছে। এর সংখ্যা আরো বাড়াতে হবে। প্রক্রিয়াকরণের জন্য সর্বাত্মকভাবে কাজ করতে হবে, যাতে রপ্তানি বাড়ানো যায়। জাতীয় শোক দিবসের আলোচনা তখনই সফল হবে, যখন বঙ্গবন্ধুর আদর্শ অনুসারে তার দেখানো পথে আমরা চলব। গতকাল (২০ আগস্ট মঙ্গলবার) বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) অডিটোরিয়ামে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রমানের ৪৪তম শাহাদতবার্ষিকী উপলক্ষে আয়োজিত আলোচনাসভা ও দোয়া মাহফিলে এসব কথা বলেন কৃষিমন্ত্রী। সূত্র-**বণিকবার্তা** (পৃ.২,ক.৩), **সমকাল** (পৃ.১৫,ক.৮)।

১২। **দক্ষিণ কোরিয়ার বিনিয়োগ চাইলেন অর্থমন্ত্রী**

দক্ষিণ কোরিয়া সফরে থাকা অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল সেদেশের ব্যবসায়ীদের বাংলাদেশে বিনিয়োগের আহ্বান জানিয়েছেন। গতকাল(২০ আগস্ট মঙ্গলবার) সিউলে ১৫টি ব্যবসায়ী প্রতিষ্ঠানের চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তাদের সঙ্গে এক বৈঠকে অর্থমন্ত্রী তাদের বাংলাদেশে নতুন উদ্যোগ সন্ধানের আমন্ত্রণ জানান। অর্থমন্ত্রী কোরিয়ার ব্যবসায়ীদের গত দশ বছরে আর্থসামাজিক ক্ষেত্রে বাংলাদেশের অসাধারণ অর্জন সম্পর্কে অবহিত করেন। তিনি বলেন, বাংলাদেশের জন্য বিদেশি বিনিয়োগ অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং বিনিয়োগের জন্য বাংলাদেশ অত্যন্ত সুন্দর এবং অপার সম্ভাবনার দেশ। তিনি আরও জানান, বিদেশি বিনিয়োগের ক্ষেত্রে বিভিন্ন খাতে অত্যন্ত আকর্ষণীয় প্রণোদনার মাধ্যমে অধিক হারে মুনাফার সুযোগ দিচ্ছে বাংলাদেশ সরকার। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৫), **নিউ নেশন** (পৃ.১৩,ক.৬)।

১৩। **এডিপি বাস্তবায়ন বেড়েছে তিনগুণ : পরিকল্পনামন্ত্রী**

চলতি অর্থবছরের জুলাই মাসে বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) বাস্তবায়ন প্রায় তিনগুণ বেড়েছে। জুলাইয়ে এডিপি বাস্তবায়ন হার দাঁড়িয়েছে ১ দশমিক ৮৪ শতাংশ যা গত অর্থবছরের একই সময়ে ছিল দশমিক ৫৭ শতাংশ। গতকাল (২০ আগস্ট মঙ্গলবার) রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলনকক্ষে একনেক সভা শেষে পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান এ তথ্য জানান। সূত্র **: সংবাদ** (পৃ.১৪,ক.৩)।

১৪। **জুলাইয়ে মূল্যস্ফীতি বেড়ে দাঁড়িয়েছে ৫ দশমিক ৬২ শতাংশ : পরিকল্পনামন্ত্রী**

জুলাইয়ে নিত্যপণ্যের মূল্যস্ফীতি বেড়ে দাঁড়িয়েছে ৫ দশমিক ৬২ শতাংশে। জুনে মূল্যস্ফীতি ছিল ৫ দশমিক ৫২ শতাংশ। জুলাইয়ে খাদ্যপণ্যের মূল্যস্ফীতি বেড়েছে ৫ দশমিক ৪২ শতাংশে যা তার আগের মাসে ছিল ৫ দশমিক ৪০ শতাংশ। এছাড়া খাদ্যপণ্য ছাড়া নিত্যপণ্যের মূল্যস্ফীতি বেড়ে দাঁড়িয়েছে ৫ দশমিক ৯৪ শতাংশে যা আগের মাসে ছিল ৫ দশমিক ৭১ শতাংশ। গতকাল (২০ আগস্ট মঙ্গলবার) রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলনকক্ষে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) বৈঠক শেষে পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান এসব তথ্য জানান। সূত্র **: সংবাদ** (পৃ.১৪,ক.১), **যুগান্তর** (পৃ.২,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১)।

১৫। **প্রতিবন্ধীদের মূলস্রোতে আনতে শিক্ষার বিকল্প নেই : সমাজকল্যাণমন্ত্রী**

সমাজকল্যাণমন্ত্রী নূরুজ্জামান আহমেদ বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার আন্তরিকতার কারণে দেশের অবহেলিত, দুস্থ ও অসহায় প্রতিবন্ধী জনগোষ্ঠী সমাজের মূলস্রোতে এসেছে। প্রতিবন্ধীদের জীবনমান উন্নয়নে বাংলাদেশ গ্লোবাল লিডার হিসেবে কাজ করছে। গতকাল (২০ আগস্ট মঙ্গলবার) রাজধানীর বাংলামোটরে নিউরোডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ট্রাস্টের মিলায়তনের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদতবার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে আয়োজিত আলোচনাসভা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতার পুরস্কার বিতরণ অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র **: সংবাদ** (পৃ.৪,ক.৩), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৫)।

১৬। প্রবাসীকর্মীদের কল্যাণে সর্বোচ্চ গুরুত্ব দিতে হবে : প্রবাসী কল্যাণমন্ত্রী

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী ইমরান আহমদ বলেছেন, প্রবাসীকর্মীদের কল্যাণে সর্বোচ্চ গুরুত্ব দিতে হবে। প্রবাসীকর্মীদের জন্য নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিত হলে রেমিট্যান্স প্রবাহও বৃদ্ধি পাবে। গতকাল (২০ আগস্ট মঙ্গলবার) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের উদ্যোগে প্রবাসী কল্যাণ ভবনে তিন দিনব্যাপী 'শ্রম কল্যাণ সম্মেলন ২০১৯' এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। মন্ত্রী বলেন, নতুন শ্রমবাজার অনুসন্ধান ও রেমিট্যান্স প্রবাহ বৃদ্ধিতে উদ্যোগী হতে হবে। নিয়মিতভাবে নিরাপদ শ্রম অভিবাসন নিশ্চিত করা গেলে নির্দিষ্ট সময়ের আগেই বাংলাদেশ দারিদ্র্য মুক্ত হবে। সরকার দক্ষ জনশক্তি তৈরিতে নানা পদক্ষেপের কথা উল্লেখ করে মন্ত্রী বলেন, আন্তর্জাতিক শ্রমবাজারে বাংলাদেশি কর্মীদের সমস্যা ও সম্ভাবনার বিষয়ে সার্বক্ষণিক নজর রাখতে হবে। সূত্র **: ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **বণিক বার্তা** (পৃ.২,ক.৫)।

১৭। চলতি ২০১৯-২০ অর্থবছরের জুলাইয়ে রপ্তানি বেড়েছে সাড়ে ৮ শতাংশ

চলতি ২০১৯-২০ অর্থবছরের প্রথম মাস জুলাইয়ে পূর্বের অর্থবছরের একই সময়ের চেয়ে রপ্তানি বেড়েছে ৮ দশমিক ৫৫ শতাংশ। আলোচ্য সময়ে ৩৮৮ কোটি ৭৭ লাখ মার্কিন ডলারের সমপরিমাণ পণ্য রপ্তানি করেছে বাংলাদেশ। পূর্বের অর্থবছরের একইসময়ে রপ্তানির পরিমাণ ছিল ৩৫৮ কোটি ১৫ লাখ ডলার। সে হিসেবে গত জুলাইয়ে রপ্তানি বেড়েছে ৩০ কোটি ৬২ লাখ ডলার, যা স্থানীয় মুদ্রায় ২ হাজার ৫৭২ কোটি টাকার সমপরিমাণ। রপ্তানি উন্নয়ন ব্যুরো (ইপিবি) প্রকাশিত হালনাগাদ পরিসংখ্যানে এ তথ্য জানা গেছে। সূত্র **: ইত্তেফাক** (পৃ.১৮,ক.১), **সংবাদ** (পৃ.১৪,ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৮,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৬)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক, ইনকিলাব, যায়যায়দিন, জনকণ্ঠ, বণিকবার্তা :** ২০২৩ সালের মধ্যে দেশের সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থীদের দুপুরে খাবার দেওয়ার প্রকল্প হাতে নিয়েছে সরকার উল্লেখ করে শিক্ষার্থীদের উপস্থিতি শতভাগ নিশ্চিত করতে তা ভূমিকা রাখবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **যায়যায়দিন, যুগান্তর, জনকণ্ঠ, ভোরের কাগজ :** নৃশংস ২১ আগস্ট গ্রেনেড হামলার ১৫ বছর পূর্ণ হল উল্লেখ করে এ মামলার রায় কার্যকরে দ্রুত উদ্যোগ নেওয়ার সুপারিশ।

গ. **যুগান্তর :** ভুয়া টিকিট বুকিং এবং সেই বুকিং বাতিল করে চারটি গ্লোবাল ডিস্ট্রিবিউশন সিস্টেম (জিডিএস) কোম্পানি বিমানের কাছ থেকে এক বছরে শত কোটি টাকা হাতিয়ে নিয়েছে উল্লেখ করে বিদ্যমান পরিস্থিতিতে টিকিট বুকিং কারসাজি বন্ধে জিডিএসগুলোর সঙ্গে চুক্তি পুনর্মূল্যায়ন বা বাতিল করার সুপারিশ।

ঘ. **সংবাদ :** দেশের দুই স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত তিন শতাধিক কোম্পানির মধ্যে ৪৮টি কোম্পানির উদ্যোক্তা ও পরিচালকদের ন্যূনতম শেয়ার নেই উল্লেখ করে এদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঙ. **নিউ এজ :** শিল্প বর্জ্যের কারণে চট্টগ্রামের হালদা নদী দূষিত হয়ে পড়ছে উল্লেখ করে হালদা নদী রক্ষায় যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

চ. **নিউ নেশন :** রোহিঙ্গা প্রত্যাবাসন দেরি না করে দ্রুত শুরু করার ওপর গুরুত্বারোপ।

নিবন্ধ ও ফিচার

যায়যায়দিন পত্রিকায় প্রকাশিত **'২১ আগস্টের নেপথ্য হোতাদের চিহ্নিত করা আজ সময়ের দাবি'** শিরোনামের নিবন্ধে বলা হয়েছে, আরেকটি ২১ আগস্টের উদ্ভব যাতে কোনো দিন না হয়, তা নিশ্চিত করতেই হত্যা ও ষড়যন্ত্রের নেপথ্য হোতাদের চিহ্নিত করা এবং তাদের শিকড় সমাজ ও দেশ থেকে উচ্ছেদ করা আজ সময়ের দাবি।

#

ডালিয়া/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা